**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**26 JUNE 2025** **7:35AM**

==========================================================================

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ আগামী বছর থেকে দশম শ্রেণীর বোর্ড পরীক্ষা বছরে দু বার করার সিদ্ধান্ত নিয়েছে । পর্ষদ সূত্রে জানানো হয়েছে যে দশম শ্রেণীর প্রথম পরীক্ষা ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত হবে যা সব ছাত্র-ছাত্রীদের জন্য বাধ্যতামূলক এবং দ্বিতীয় পরীক্ষা মে মাসে অনুষ্ঠিত হবে , যেটিকে ঐচ্ছিকভাবে নেওয়া হবে যেখানে ছাত্র-ছাত্রীরা ফলাফল উন্নত করার সুযোগ পাবে । ফল প্রকাশ হবে যথাক্রমে এপ্রিল ও জুন মাসে ।

---

গুয়াহাটির নীলাচল পাহাড়ে অবস্থিত শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে আজ অম্বুবাচী মহাযোগের নিবৃত্তি হয়েছে । ভোর রাত ৩টা ২৭ মিনিটে অম্বুবাচীর নিবৃত্তি পর্বে দেবীস্নান , নিত্য পূজার্চানের পর মন্দিরের মুখ্য দ্বার ভক্তদের দর্শনের জন্য পুনরায় খুলে দেওয়া হয়েছে । এদিকে কামাখ্য ধামে গতকাল চতুর্থ দিনেও আনন্দ-উল্লাস পরিবেশ বিরাজ করেছে । সাধু-সন্নাসী এবং দেশ বিদেশের লক্ষ লক্ষ ভক্তদের উপস্থিতেতে মন্দির প্রাঙ্গনে আধ্যাত্মিক পরিবেশ বিরাজ করছে ।

চলতি মহাযোগের সময় ভক্তরা যাতে কোন ধরণের অসুবিধার সম্মুখীন না হন তার জন্য পুলিশ প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরা পরিস্থিতির দিকে সতর্ক দৃষ্টি রেখে চলেছেন ।

---

কাছাড়ের বিশেষ বিচারপতি বিপ্রজিত রায় মাদকদ্রব্য সরবরাহে জড়িত দুই মিজো যুবককে ১০ বছরের কারদন্ড দিয়েছেন । সাজাপ্রাপ্ত এই দুই মিজো যুবক হলেন ২৩ বছর বয়সের আইজল ভেনচাকের বাসিন্দা জিসেফ লালনুনমাওয়া এবং ৩৩ বছর বয়সের আইজল তুইকোয়াল নর্থের বাসিন্দা লালামাংগাইজোয়ালা ।

উল্লেখ্য যে ২০২৩ সালের ১৯ অক্টোবর শিলচর কুম্ভীরগ্রাম বিমানবন্দরে মেথামফেটামাইন সরবরাহ করার সময় এই দুজনকে গ্রেপ্তার করা হয় । দুজনকেই কুম্ভীরগ্রাম বিমানবন্দর থেকে বিমানযোগে কলকাতা যাওয়ার সময় গ্রেপ্তার করা হয়েছিল । বিমানবন্দরে স্ক্রীনিং করার সময় তাদের ব্যাগে ৪টি প্লাস্টিকের পেকেটে ৪ কিলো ৮০ গ্রাম ওজনের মেথামফেটামাইন পাওয়া গিয়েছিল । সঙ্গে সঙ্গে বিমানবন্দর কর্তৃপক্ষ তাদেরকে গ্রে্প্তার করে উধারবন্দ পুলিশের কাছে সমঝে দিয়েছিল । অভিযোগের ভিত্তিতে পুলিশ এই দুজনের বিরুদ্ধে একটি মামালা নথিভুক্ত করে তাদের বিরুদ্ধে তদন্ত শুরু করেছিল । এর পর তাদের আদালতে হাজির করা হয় । আদালতের বিচারে তাদের বিরুদ্ধে ১০ বছরের সশ্রম করাদন্ড এবং নগদ ১ লক্ষ টাকার জরিমানা করে রায় প্রদান করা হয় । জরিমানার অর্থ প্রদান করতে ব্যার্থ হলে অতিরিক্ত আরো ৬ মাসের কারাদন্ডের সাজা হবে বলে রায়ে উল্লেখ করা হয়েছে ।

---

আবহাওয়া দফতরের পূর্বাভাস অনুযায়ী, আগামী সাত দিন দেশের উত্তর-পশ্চিম, মধ্য, পূর্ব ও উত্তর-পূর্বাঞ্চলে মাঝারি থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। সাধারণ মানুষকে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

---

হাইলাকান্দির বিদ্যালয় সমূহের পরিদর্শক তাপস দত্ত এক বিজ্ঞপ্তীতে অভিভাবকদের ছেলে-মেয়েদের অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানটি আসাম বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিয়ন্ত্রন ও ব্যবস্থাপনা ) আইন ২০০৬ সালের অধীনে বৈধ কিনা ,তা যাচাই করতে আবেদন জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে বৈধ স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইস্যু করা ট্রান্সফার সার্টিফিকেটের কাউন্টার সিগনেচার জেলা প্রাথমিক শিক্ষা আধিকারীক করে থাকেন । এই আইনের অধীনে

স্বীকৃতিপ্রাপ্ত নয় , এমন শিক্ষা প্রতিষ্ঠানের ইস্যু করা ট্রান্সফার সার্টিফিকেটে প্রতি সাক্ষর করার কোন সংস্থান নেই বলে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলায় এপ্রিল মাসের আটা বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে এপ্রিল মাসের জন্য প্রায়োরিটি হাউস হোল্ড কার্ড প্রতি এক কিলো ৫২৫ গ্রাম করে আটা বন্টন করা হবে । আগামী ৩০শে জুনের মধ্যে এই আটা সমবায় সমিতিগুলিকে তুলতে বলা হয়েছে ।

---

নর্থ ইষ্ট স্কিল সেন্টারের পক্ষ থেকে শ্রীভূমি জেলার তপশিলি সম্প্রদায়ভুক্ত যুবকদের এক বছরের বিনামূল্যে বৃত্তিমূলক প্রশিক্ষনে যোগদান করতে আহ্বান জানানো হয়েছে । তপশিলি সম্প্রদায়ের যুবকদের এই প্রশক্ষিন চলাকালীন প্রতি মাসে ৬ হাজার টাকা করে ভাতা প্রদান করা হবে । এতে বিউটি এন্ড ওয়েলনেস , রিটেইল সার্ভিসেস , ফুড এন্ড বেভারেজ সার্ভিস , হাউস কিপিং অপারেশন , এই চারটি কোর্সে প্রশিক্ষন প্রদান করা হবে । এই কোর্সগুলিতে ভর্তির জন্য প্রার্থীদের যেকোন শাখায় দ্বাদশ শ্রেণী উর্ত্তীন এবং বয়স চলতি বছরের ৩১শে জুলাই পর্য্যন্ত ১৭ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে । আবেদন করার শেষ তারিখ আগামী ৩১শে জুলাই । বিশদ বিবরনের জন্য শ্রীভূমি জেলার ডিষ্ট্রিক্ট প্রজেক্ট ম্যানেজারের সাথে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ২৯শে জুন শিলকুড়ি গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

==========================================